

## মিডিয়া বিজ্ঞপ্তি

সামিট এলএনজি টার্মিনালের নতুন এমডি এবং সিইও হলেন মোঃ সাইদুল আলম



**ফটো ক্যাপশন:** সামিটের পরিচালনা পর্ষদ মোঃ সাইদুল আলমকে সামিট এলএনজি টার্মিনাল কোম্পানি (প্রা.) লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ দিয়েছেন।

**(ঢাকা, ০৯ জুলাই ২০২৫, বুধবার):** সামিট এলএনজি টার্মিনাল কোম্পানি (প্রা.) লিমিটেডের (এসএলএনজি) নতুন ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ পেয়েছেন মোঃ সাইদুল আলম।

সামিট এলএনজি টার্মিনাল বাংলাদেশে স্থাপিত দ্বিতীয় ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিট (এফএসআরইউ), যার দৈনিক ৫০ কোটি ঘনফুট গ্যাস (এমএমসিএফডি) রিগ্যাসিফিকেশন ক্ষমতা রয়েছে এবং এটি ১,৩৮,০০০ ঘনমিটার এলএনজি সংরক্ষণ করতে সক্ষম। এলএনজি টার্মিনালটি সামিট ও মিতসুবিশি কর্পোরেশনের একটি যৌথ উদ্যোগ এবং এর মূখ্য অর্থায়নে রয়েছে সুমিতোমো মিতসুই ব্যাংকিং কর্পোরেশন (এসএমবিসি)। এসএলএনজি সামিটের বিশদ প্রকল্প সমূহের মধ্যে অন্যতম, যা জেরা সহ অন্যান্য আন্তর্জাতিক অংশীদারদের দ্বারা বাস্তবায়িত হয়েছে। এদিকে সামিট এলএনজি টার্মিনাল সিঙ্গাপুরের পিএসএ মেরিনের সঙ্গে একটি দীর্ঘমেয়াদি ভেসেল সাপোর্ট সার্ভিসেস চুক্তির আওতায় পরিচালিত হচ্ছে।

২০১৮ সাল থেকে সাইদুল আলম সামিট এলএনজি টার্মিনাল প্রকল্পের বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। প্রকল্প পরিচালক হিসেবে তিনি কক্সবাজারের মহেশখালীতে অফশোরে অবস্থিত টার্মিনালটির উন্নয়ন ও কমিশনিং কার্যক্রমের নেতৃত্ব দেন, যেখানে তিনি জিওশান এন্ট্রোপোজ, ম্যাকগ্রেগর এএস এবং পিএসএ মেরিনের মতো সহযোগী প্রতিষ্ঠানের সঙ্গে সক্রিয়ভাবে কর্মরত ছিলেন। সামিট এলএনজি টার্মিনালটি ছয় কিলোমিটার দীর্ঘ সাবসি পাইপলাইনের মাধ্যমে জাতীয় গ্রিডের সঙ্গে সংযুক্ত। নতুন এই পদে দায়িত্ব গ্রহণের আগে সাইদুল আলম টার্মিনাল ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন করেন, যেখানে তিনি সামিট এলএনজির টার্মিনালের সর্বোচ্চ নির্ভরতার সঙ্গে চালু থাকার সামর্থ্য নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

মেরিন ও জ্বালানি খাতে তিন দশকেরও বেশি অভিজ্ঞতা সম্পন্ন সাইদুল আলমের অফশোর ও অনশোর এলএনজি এবং এলপিজি টার্মিনাল বাস্তবায়নে বিশেষ দক্ষতা রয়েছে। এর আগে তিনি এমওএল ট্যাংকশিপ ম্যানেজমেন্ট এশিয়া (সিঙ্গাপুর), ওশান ট্যাংকারস (সিঙ্গাপুর) এবং কে লাইনের (জাপান) মতো স্বনামধন্য প্রতিষ্ঠানে জ্যেষ্ঠ পদে দায়িত্ব পালন করেন, যার মাধ্যমে তিনি আন্তর্জাতিক পরিসরে কাজের অভিজ্ঞতা অর্জন করেন।

সাইদুল আলম বাংলাদেশ মেরিন একাডেমি থেকে মেরিন ইঞ্জিনিয়ারিংয়ে বিএসসি ডিগ্রি অর্জন করেছেন। পরে তিনি অস্ট্রেলিয়ার মারডক বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ সম্পন্ন করেছেন। বর্তমানে সাইদুল আলম বাংলাদেশের নর্থ সাউথ ইউনিভার্সিটি থেকে অর্থনীতিতে দ্বিতীয় মাস্টার্সে অধ্যয়নরত। এ ছাড়া তিনি সিঙ্গাপুর মেরিটাইম একাডেমি থেকে মেরিন ইঞ্জিনিয়ারিংয়ে ক্লাস-১ সার্টিফিকেট অব কম্পিটেন্সিতে অ্যাডভান্সড ডিপ্লোমা অর্জন করেছেন। এ ছাড়া তিনি সিঙ্গাপুর মেরিটাইম অ্যান্ড পোর্ট অথরিটি কর্তৃক অনুমোদিত একজন সার্টিফায়েড ক্লাস-১ মেরিন ইঞ্জিনিয়ার অফিসার।

সাইদুল আলম বিভিন্ন পেশাগত সংগঠনের সক্রিয় সদস্য, এর মধ্যে লন্ডনের ইনস্টিটিউট অব মেরিন ইঞ্জিনিয়ারিং, সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং সিঙ্গাপুর মেরিটাইম অফিসার্স ইউনিয়ন উল্লেখযোগ্য।

#### **আরও তথ্য জানতে:**

মোহসেনা হাসান

ইমেইলঃ [mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | হোয়াটসঅ্যাপ/মোবাইলঃ +8801713081905